রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, আগষ্ট ১১, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড

(দানকর)

## প্রজ্ঞাপন

ঢাকা, ২১শে শ্রাবণ ১৩৯৭/৬ই আগষ্ট, ১৯৯০

নং এস, আর, ও ২৯০/আইন/৯০—দানকর আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৪৪ নং আইন) এর ধারা ২১ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এতদ্বারা নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা দানকর বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ দানকর আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৪৪ নং আইন);

(খ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম;

(গ) "ধারা" অর্থ আইনের ধারা।

৩। দানের রিটার্ন।—ধারা ৭(১) ও (২) এর অধীন দাখিলতব্য রিটার্ণ ফরম-১এ দাখিল করিতে হইবে।

৪। দানকর নির্ধারণ এবং দাবীর নোটিশ।—(১) উপ-কর কমিশনার দানকর নির্ধারণ করিয়া ফরম-২তে তাঁহার এতদ্‌সংক্রান্ত আদেশ প্রদান করিবেন।

(২) ধারা ১৩ এর অধীনে প্রদেয় দাবীর নোটিশ ফরম-৩ এ প্রদান করিতে হইবে।

৫। আপীল।—(১) কোন ব্যক্তি আইনের অধীন—

(ক) উপ-কর কমিশনারের কোন আদেশ দ্বারা সংক্ষুব্ধ হইলে তিনি আপীলাত যুগ্ম কর কমিশনার (যিনি আয়কর অধ্যাদেশের অধীন উপ-কর কমিশনারের আদেশের বিরুদ্ধে আপীল শুনার কর্তৃপক্ষ)-এর নিকট ফরম-৪ এর মাধ্যমে আপীল করিতে পারিবেন ;

(খ) আপীলাত যুগ্ম কর কমিশনারের আদেশ দ্বারা সংক্ষুব্ধ হইলে তিনি আপীলাত ট্রাইবুনাল (আয়কর অধ্যাদেশের অধীন আপীলাত যুগ্ম কর কমিশনারের আদেশের বিরুদ্ধে আপীল শুনার কর্তৃপক্ষ)-এর নিকট ফরম-৫ এর মাধ্যমে আপীল করিতে পারিবেন।

(২) যে আদেশের বিরুদ্ধে আপীল করা হইতেছে সেই আদেশের একটি সার্টিফাইড কপি আপীল আবেদনের সহিত সংযোজিত করিতে হইবে।

৬। সম্পত্তির মূল্য নিরূপণ।—(১) দানের তারিখে দানকৃত বীমা পলিসি ভাঙ্গাইলে যে পরিমাণ অর্থ পাওয়া যাইত উহাই উক্ত পলিসির মূল্য হইবে।

(২) প্রাইভেট লিমিটেড কোম্পানী বা ফার্মের শেয়ারের ক্ষেত্রে, যে বৎসরে শেয়ার দান করা হইয়াছে সে বৎসরে সংশ্লিষ্ট কোম্পানী বা ফার্মের পরিসম্পদ অনুপাতে শেয়ারের মূল্য নিরূপণ করিতে হইবে।

## ফরম-১

দানকর আইন, ১৯৯০ এর ধারা ৭ এর অধীন দান সম্পর্কিত রিটার্ণ

[ বিধি ৩ দ্রষ্টব্য ]

যে আর্থিক বৎসরে দান করা হইয়াছে ..........................................

প্রাতিষংগিক কর বৎসর .-...........................................

করদাতার নাম..-..-..........................................

ঠিকানা ..........................................

মর্যাদা ( Status ) (একক ব্যক্তি, কোম্পানী, ফার্ম ইত্যাদি) ..........................................

..........................................

১। সকল দানের সর্ব মোট মূল্য : ..........................................

২। ধারা ৪ এর অধীন দাবীকৃত অব্যাহতিযোগ্য দানের মূল্য : ..........................................

৩। করযোগ্য দানের মূল্য (ক্রমিক ১ এবং ২ এর পার্থক্য) : ..............................

৪। দানের (স্থাবর বা অস্থাবর সম্পত্তি) বিবরণ : ..............................

৫। দাবীকৃত অব্যাহতির যোগ্য দানের বিবরণ : ..............................

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যসমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও নির্ভুল।

স্থান .......................... স্বাক্ষর ..........................

তারিখ .......................... মর্যাদা ..........................

..............................................................................

এই রিটার্ণ একক ব্যক্তির ক্ষেত্রে একক ব্যক্তি, ফার্মের ক্ষেত্রে ফার্মের অংশীদার এবং কোম্পানীর ক্ষেত্রে উহার প্রিন্সিপাল অফিসার স্বাক্ষর করিবেন।

ফরম-২

দানকর নির্ধারণ ফরম

[বিধি ৪(১) দ্রষ্টব্য]

দানকর আইন, ১৯৯০ এর ধারা ১০ এর অধীন দানকর নির্ধারণ

কর দাতার নাম...—..................রেজিষ্ট্রার নং ....................

মর্যাদা ( Status ) ..............................................

ঠিকানা ..............................................................

| | | কর নির্ধারণে আরোপিত মূল্য (Value adopted in assessment) |
|---|---|---|
| ১। দানের বিবরণ | : | |
| ২। ধারা ৪-এর অধীন অব্যাহতি প্রাপ্ত দানের বিবরণ | : | |
| ৩। করযোগ্য দানের মূল্য | : | |
| ৪। ধার্যকৃত দানকর | : | |
| ৫। পরিশোধিত দানকর | : | |
| ৬। প্রদেয় দানকর | : | |

তারিখ .......................... উপ-কর কমিশনার

ঠিকানা ..........................

..........................

ফরম-৩

দাবীর নোটিশ

[ বিধি ৪(২) দ্রষ্টব্য ]

দানকর আইন, ১৯৯০ এর ধারা ১৩ এর অধীন দাবীর নোটিশ

প্রতি

.......................... ..............................

.......................... ..............................

১। এতদ্বারা আপনাকে/আপনাদিগকে জ্ঞাত করানো যাইতেছে যে নিম্নবর্ণিত দানকর ও জরিমানা টাকা ....................(কথায় ....................)

আপনার/আপনাদের প্রদেয় হইয়াছে।

| | | |
|---|---|---|
| দানকর | টাকা | .............................. |
| ধারা ১১ এর অধীন জরিমানা | টাকা | .............................. |
| ধারা ১৪(৩) এর অধীন জরিমানা | টাকা | .............................. |
| | মোট টাকা | .............................. |

২। উপরোল্লিখিত অর্থ ......................তারিখে বা তৎপূর্বে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক, এর ......................শাখায় এতদ্‌সংগে সংযুক্ত চালানের মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

৩। উপরোল্লিখিত অর্থ উক্ত নির্দিষ্ট তারিখের মধ্যে উক্তরূপে পরিশোধ করা না হইলে ক্রোকী পরোয়ানা জারী করা যাইবে।

তারিখ ................ উপ-কর কমিশনার

স্থান .................... সার্কেল ........................

ফরম-৪

[বিধি ৫(১)(ক) দ্রষ্টব্য]

আপীলাত যুগ্ম কর কমিশনার,...................রেঞ্জ,..................

জোন ..............................

আবেদনকারী ...............................................

ঠিকানা ...........................................................

নিবেদন এই যে.....................সার্কেলের উপ-কর কমিশনার কর্তৃক—

(১)..................................কর বৎসরের জন্য দানকর আইন, ১৯৯০ এর ধারা ১০ এর অধীন—

(ক) ...................তারিখে সমাপ্ত পূর্ববর্তী বৎসরের জন্য আবেদনকারীর করযোগ্য দানের মূল্য টাকা.............................. (কথায়.......................) নিরূপিত হইয়াছে;

(খ) আবেদনকারীর প্রদেয় দানকর টাকা ............................... (কথায় ....................) নিরূপিত হইয়াছে;

(২) দানকর আইন, ১৯৯০ এর ধারা ১১ এর অধীন টাকা................... (কথায় টাকা.........................) জরিমানা আরোপ করা হইয়াছে;

(৩) সংযুক্ত দাবীর নোটিশ খানি ........................তারিখে আবেদনকারীকে জারী করা হইয়াছে।

২। আবেদনকারীর দাবী এই যে :

(ক) উল্লিখিত পূর্ববর্তী বৎসরে তাঁহার করযোগ্য দানের প্রকৃত মূল্য টাকা........ (কথায় টাকা ............................);

(খ) প্রদেয় দানকর প্রকৃত পক্ষে টাকা.................................. (কথায় টাকা ..............................);

(গ) তিনি এই আইনের অধীন করদায়িক নহেন;

(ঘ) নির্দিষ্ট/বর্ধিত সময় সীমার মধ্যে তাঁহার রিটার্ণ দাখিল করিতে না পারিবার যুক্তিসংগত কারণ বর্তমান ছিল;

(ঙ) ধারা ১০(২) এর নোটিশের শর্ত পালন না করিবার পক্ষে তাঁহার যুক্তিসংগত কারণ ছিল;

(চ) তিনি তাঁহার দান সম্পর্কিত কোন তথ্য গোপন করেন নাই বা ইচ্ছাকৃতভাবে কোন ভুল তথ্য প্রদান করেন নাই।

অতএব, নিম্নবর্ণিত কারণসমূহের ভিত্তিতে আবেদনকারীর দাবীসমূহ মঞ্জুর করা হউক/ উপ-কর কমিশনারের আদেশ বাতিল করা হউক এবং আবেদনকারীকে উপযুক্ত অন্যবিধ উপশম মঞ্জুর করা হউক।

৩। আবেদনকারীকে নোটিশ জারীর ঠিকানা নিম্নরূপ:

........ ................

..........................

............................

আপীল কারণ

(১)

(২)

(৩)

.................

আবেদনকারীর স্বাক্ষর।

প্রত্যায়ন

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যসমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও নির্ভুল।

তারিখ ........................ স্বাক্ষর ........................

স্থান ........................ মর্যাদা ........................

ফরম-৫

[বিধি ৫(১)(খ) দ্রষ্টব্য]

ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল.................................... এর সমক্ষে

দানকর আপীল নং........................., ১৯.................

আবেদনকারী বনাম উত্তরদায়ক

১। কর নির্ধারণ বৎসর ..........................

২। আদেশ প্রদানকারী উপ-কর কমিশনার এবং ........................ যে ধারায় আদেশ প্রদান করা হইয়াছে।

৩। আপীলাধীন আদেশ প্রদানকারী আপীলাত যুগ্ম কর কমিশনার; ....................

৪। আপীলাধীন আদেশ জারীর তারিখ ....................

৫। আবেদনকারীকে নোটিশ জারীর ঠিকানা ....................

৬। উত্তরদায়ককে নোটিশ জারীর ঠিকানা ....................

৭। আপীলে দাবীকৃত উপশম ....................

আপীল কারণ

১।

২।

৩।

....................
আবেদনকারীর স্বাক্ষর।

প্রত্যায়ন

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে ঘোষণা প্রদান করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যসমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও নির্ভুল।

তারিখ .................... স্বাক্ষর ....................

স্থান .................... মর্যাদা ....................

রাষ্ট্রপতির আদেশক্রমে
আলী রেজা খান
সদস্য (কর)।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার শাহ্‌রেজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।